

বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক বঙ্গবন্ধু ফেলোশিপ প্রোগ্রাম

বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে বিশেষায়িত যোগ্যতাসম্পন্ন বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, গবেষক ও একাডেমিশিয়ান তৈরির লক্ষ্যে এমএস, পিএইচডি ও পোস্ট-ডক্টোরাল গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য বর্তমান সরকারের আমলে বঙ্গবন্ধু ফেলোশিপ পুনঃপ্রবর্তন করা হয়।

- * প্রকল্পটি ২ মার্চ ২০১০ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। এ প্রকল্পের মেয়াদ জুন ২০১৫ পর্যন্ত নির্ধারিত ছিল। পরবর্তীতে ডিপিপি সংশোধন করে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত বর্ধিত করা হয়। প্রকল্পের মোট ব্যয় ধরা হয়েছে ৮৫ কোটি ৯৫ লক্ষ ৫০ হাজার টাকা।
- * এ প্রকল্পের মাধ্যমে বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি বিষয়ে বিদেশে ৫৫ জনকে পিএইচডি ও ৪৭ জনকে এমএস এবং দেশে ১০০ জনকে পিএইচডি ও ১৫ জনকে পিএইচডি-উত্তর কোর্স সম্পন্ন করার জন্য ফেলোশিপ প্রদান করা হয়েছে।
- * এ পর্যন্ত এ প্রকল্পের আওতায় গবেষণার জন্য দেশে ১০১ জন এবং বিদেশে ৯৪ জন গবেষককে ফেলোশিপ প্রদান করা হয়েছে।